প্রথম আলো

৭/১০/২০০১

তারিখ ...........

পৃষ্ঠা ৭ কলাম ৭

বেসকারি শিক্ষা প্রতিষ্ঠান

# শিক্ষক-কর্মচারীদের বকেয়া সরকারি ভাতা তোলার সময়সীমা বাড়ানো হয়েছে

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার যেসব শিক্ষক ও কর্মচারী জুন ২০০০ থেকে মে ২০০১, এবং জুন ২০০১ থেকে আগস্ট ২০০১ পর্যন্ত বেতন-ভাতাদির সরকারি অংশের টাকা অনিবার্য কারণে নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তাদের জন্য আগামী ১৮ অক্টোবর পর্যন্ত সময়সীমা বাড়ানো হয়েছে। তথ্য বিবরণী।

এ টাকা প্রদানের নির্দেশ ইতিমধ্যে অনুদান বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ে পাঠানো হয়েছে। ২৭ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে অনুত্তোলিত টাকা তোলার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে।